

বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম।


বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক
নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, পটিয়া এর নৈতিকতা কমিটির সভা ৩১-০৩-২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অত্র কার্যালয়ের আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা জনাব মোঃ মোজাফ্ফের জামান এর সভাপতিত্বে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, পটিয়ায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।


ক্রম	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোহাম্মদ মনির আহমদ	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	
০২	জনাব বিজয় কুমার নন্দী	মুখ্য কর্মকর্তা	
০৩	জনাব প্রকাশ চন্দ্র শীল	পরিদর্শক	

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত পর্যালোচনা ও অগ্রগতি বিষয়ক পরিকল্পনা গ্রহন করা হয়:-

- ০১। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৯ মোতাবেক সকল শাখার নিরীক্ষা কার্যক্রম সম্পন্নকরণ।
 - ০২। নিষ্পত্তিযোগ্য অনুচ্ছেদগুলো স্পটেই নিষ্পত্তিকরণ।
 - ০৩। সকল শাখাকে অনিষ্পন্ন অনুচ্ছেদের জবাব দ্রুত প্রেরণের জন্য শাখা ব্যবস্থাপকদের পরামর্শ দেয়া।
 - ০৪। সুষ্ট আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে সকলকে পরিপালনে সচেষ্টি হওয়ার নির্দেশনা প্রদান এবং আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরণে যথাযথভাবে ব্যবস্থা গ্রহনের জন্য শাখাকে পরামর্শ প্রদান করা।
 - ০৫। অত্র অঞ্চলের সকল কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার চর্চার জন্য নির্দেশনা প্রদান এবং পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা।
 - ০৬। দর্শনীয় স্থানে অভিযোগ বাক্স অবিলম্বে স্থাপনের জন্য শাখাকে পরামর্শ প্রদান করা।
 - ০৭। অনিয়ম দূরীকরণ ও কর্মক্ষেত্রে গতিশীলতা আনার ও সহকর্মীদের প্রতি সহযোগিতামূলক মনোভাব পোষন করার পরামর্শ প্রদান করা হয়।
 - ০৮। মানিলভারিং রোধে সকলকে সক্রিয় ভূমিকা পালনের জন্য পরামর্শ প্রদান করা।
 - ০৯। গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্টি হওয়ার জন্য সকলকে অবহিত করা।
 - ১০। কার্যালয়ের কর্মপরিবেশ সুশৃঙ্খল রাখতে কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়ার পরামর্শ প্রদান করা হয়।
 - ১১। স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে। তাছাড়া সম্প্রতি ডেঙ্গুর প্রাদুর্ভাব থেকে রক্ষা পেতে কর্মক্ষেত্রে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।
 - ১২। BKB Code of Conduct ও বিকেবি, কর্মচারী আচরণ বিধি বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীকে সদা সচেষ্টি থাকতে হবে।
- সভাপতি মহোদয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।


(বিজয় কুমার নন্দী)
মুখ্য কর্মকর্তা
ও
সদস্য


(মোহাম্মদ মনির আহমদ)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা


(মোহাম্মদ মোজাফ্ফের জামান)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
ও
নৈতিকতা কমিটির সভাপতি

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত :

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম।